গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
কানাইঘাট, সিলেট।

স্মারকনং- উমাশিঅ/কানাই/সিল/২০২২/৪৭(২)

১৮ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

বিষয় :সভার নোটিশ

উপর্যণক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১০/০৩/২০২২ খ্রিঃ তারিখে বেলা ১২,০০ টায় মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটির এক সভা সভাপতি মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। জনাব মাওলানা আব্দুল্লাহ শাকির উক্ত সভায় সভাপত্বিত করবেন।

আপনাকে সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৩/৩/২২

মোঃ তারিকুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
কানাইঘাট, সিলেট

জনাব-------------------------------------------

---------------------------------------------

অনুলিপি বিতরণ :-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট

২। উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট

৩। অফিস কপি।

বিষয় ঃ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটি সদস্যদের উপস্থিতি ও স্বাক্ষর

উপস্থিতি স্বাক্ষর

| ক্রঃ নং | নাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মাওলানা আব্দুল্লাহ শাকির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] |
| ০২ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান ৭ং ইউ.পি | [signature] |
| ০৩ | জনাব আবু বকর | চেয়ারম্যান, ৮ নং ইউ.পি | |
| ০৪ | জনাব আবু তাইয়ীব | চেয়ারম্যান ৪ নং ইউ.পি | [signature] |
| ০৫ | জনাব মোঃ তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | [signature] ১৩/৩/২২ |

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটি সভার কার্য বিবরণী ঃ-

সভাপতি ঃ জনাব মাওলানা আব্দুল্লাহ শাকির, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট
স্থান ঃ সভাপতি মহোদয়ের কার্যালয়
সভার তারিখ ঃ ১০/০৩/২০২২ খ্রিঃ সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা
উপস্থিত সদস্য গণের স্বাক্ষর পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয়কে অনুরোধ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও স্থায়ী কমিটির সদস্য সচিব আলোচ্যসূচি মোতাবেক উপস্থিত সকলকে স্ব-স্ব অভিমত ব্যক্ত করার জন্য অনুরোধ জানান। অত:পর আলোচ্যসূচি মোতাবেক বিস্তারিত আলোচনা শেষে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | ২৬ মার্চ ২০২২ ও স্বাধীনতা দিবস উদযাপন | ২৬ মার্চ ২০২২ ও স্বাধীনতা দিবস উদযাপন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জাকজমক পূর্ণভাবে বিগত বছরের ন্যায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত দিবস উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও সকল শিক্ষা প্রতিষ্ঠান |
| ২ | শিক্ষার গুনগত মানোন্নয়ন | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার প্রকৃত মান্নোয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের বিকল্প নাই। তাই কমিটির সদস্য সচিব ও সকল সদস্যকে আরো অধিকতর নিবিড় পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও কমিটির সম্মানীত সকল সদস্য |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাওলানা আব্দুল্লাহ শাকির
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ কানাইঘাট

স্মারকনং- উমাশিঅ/কানাই/সিল/২০২২/৫৮

২৫ফালগুন ১৪২৮
১০ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে ঃ-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট
২। উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট
৩। জনাব -----------------------------------------------
৪। অফিস কপি

১০/৩/22

মোঃ তারিকুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
কানাইঘাট, সিলেট